সংবাদ

তারিখ: ২৬ মার্চ ২০১৭
পৃষ্ঠা: ১০ কলাম: ১

# সততা স্টোরের শিক্ষার্থীরা সততার পরীক্ষায় উত্তীর্ণ

**প্রতিনিধি, বালিয়াকান্দি (রাজবাড়ী)**

শিক্ষার্থীদের সততার শিক্ষার লক্ষ্যে কোন দোকানদার ছাড়াই বাংলাদেশের মধ্যে প্রথম সততা স্টোর করে মডেল হিসেবে খ্যাতি অর্জন করেছে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলার ইসলামপুর স্বাবলম্বী সরকারি প্রাথমিক বিদ্যালয়। সততা স্টোর করে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেন। এখন সারা বাংলাদেশে প্রতিটি উপজেলাতে দুটি করে সততা স্টোর করা হয়েছে। মডেল হলেও গত বৃহস্পতিবার সকালে ওই স্কুলের শিক্ষার্থীদের ভিন্ন রকম সততার পরীক্ষা দিতে হয়েছে। সততার এ ভিন্ন রকম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে শিক্ষার্থীরা। স্বাবলম্বী ইসলামপুর



সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সততার স্টোরের মডেল মো. শহিদুল ইসলাম জানান, বৃহস্পতিবার সকালে বিদ্যালয়ে আগমন করেন উপজেলা নির্বাচন অফিসার মো. সাইফুল আলম। তবে মুল বিষয়টা অন্য রকম। কথা বলার ফাঁকে এক সময় তিনি সততা স্টোরে গেলেন। কিছু কেনাকাটা করে আমাকে বললেন, আপনার সঙ্গে কথা আছে, চলেন একটু দূরে যাই। দৃষ্টিটা তার অন্যদিকে, তখনো বিষয়টা আমার কাছে পরিষ্কার ছিল না। কিছুক্ষণ পর তিনি আমার অফিস রুমে এলেন এবং বললেন বাইরে যে শিশুরা রয়েছে ওদের ডাকুন, আমি ডেকে তার সামনে নিয়ে এলাম।